

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪১৬

৩৩/ জিহাদ ও এর নীতিমালা (كتاب الجهاد والسير)

পরিচ্ছেদঃ ১৩. নিহত শত্রুর ব্যক্তিগত সম্পদ (সালাব) হত্যাকারী মুহাজিরদের প্রাপ্য

باب اسْتِحْقَاقِ الْقَاتِلِ سَلَبَ الْقَتِيلِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، أَخْبَرَنَا هُشَيْمٌ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ عُمَرَ بْنِ، كَثِيرِ بْنِ أَفْلَحَ عَنْ أَبِي مُحَمَّدٍ الأَنْصَارِيِّ، وَكَانَ، جَلِيسًا لأَبِي قَتَادَةَ قَالَ قَالَ أَبُو قَتَادَةَ . وَاقْتَصَّ الْحَديثَ .

وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا لَيْتُ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ عُمَرَ بْنِ كَثِيرٍ، عَنْ أَبِي مُحَمَّدٍ، مَوْلَى أَبِي قَتَادَةً أَنَّ أَبَا قَتَادَةً، قَالَ . وَسَاقَ الْحَدِيثَ .

وَحَدَّثَنَا أَبُو الطَّاهِنِ وَحَرْمَلَةُ، _ وَاللَّفْظُ لَهُ _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْب، قَالَ سَمِعْتُ مَالِكَ بْنَ أَنس، يَقُولُ حَدَّثنِي يَحْيَى بْنُ سَعِيد، عَنْ عُمَرَ بْنِ كَثِيرِ بْنِ أَفْلَحَ، عَنْ أَبِي مُحَمَّد، مَوْلَى أَبِي قَتَادَةَ عَنْ أَبِي قَتَادَةَ، قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مُحَمَّد، مَوْلَى أَبِي قَتَادَةَ عَنْ أَبِي قَتَادَةً، قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم عَامَ حُبْلِي الله عليه وسلم عَامَ حُبُل مِنَ الْمُسْرِكِينَ قَدْ عَلا رَجُلاً مِنَ الْمُسْلِمِينَ فَاسْتَدَرْتُ إِلَيْهِ حَتَّى أَتَيْتُهُ مِنْ وَرَائِهِ فَصَرَبْتُهُ عَلَى حَبْل عاتِقِهِ وَأَقْبَلَ عَلَى فَضَمَّنِي ضَمَّةً وَجَدْتُ مِنْهَا رِيحَ الْمَوْت ثُمَّ أَدْركَهُ الْمَوْتُ فَأَرْسَلَنِي فَلَحِقْتُ عُمَرَ عَلَى الْخَطَّابِ فَقَالَ مَا لِلنَّاسِ فَقُلْتُ أَمْرُ اللَّهِ . ثُمَّ إِنَّ النَّاسَ رَجَعُوا وَجَلَسَ رَسُولُ اللَّهِ مَنْ يَشْهُدُ لِي ثُمَّ جَلَسْتُ ثُمَّ عَلَيْهِ بَيْنَةٌ فَلَهُ سَلَبُهُ " . قَالَ فَقُمْتُ فَقُلْتُ مَنْ يَشْهُدُ لِي ثُمَّ جَلَسْت ثُمَّ قَالَ وَقُلْلَ مَثْلُ الله عليه وسلم " مَا لَكَ يَا أَبَا قَتَادَةً " . قَالَ ذَلِكَ الثَّالِثَةِ فَقُمْتُ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَا لَكَ يَا أَبَا قَتَادَةً " . قَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ صَدَقَ يَا رَسُولُ اللَّهِ سَلَبُهُ نَاكُ يَا أَبَا قَتَادَةً " . فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ صَدَقَ يَا رَسُولَ اللَّهِ سَلَبُهُ نَاكُ يَا أَبَا قَتَادَةً " . قَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ صَدَقَ يَا رَسُولَ اللَّهِ سَلَبُ ذَلِكَ الْقَتِيلِ عَنْ رَسُولُ اللَّه مِنْ حَقِّه . وقَالَ أَبُو بَكْرٍ الصَيِّيقُ لاَهَا اللَّه إِذًا لاَ يَعْمِدُ إِلَى السَّهِ مَنْ حَقِّه . وقَالَ أَبُو بَكْرٍ الصَيِّيقُ لاَهَا اللَّه إِذَا لاَ يَعْمِدُ إِلَى السَّه عليه وسلم " مَا للله عليه وسلم " مَا لَكَ يَا أَسُد مِنْ أَسُد مِنْ حُقَة . . وقَالَ أَبُو بَكْرٍ الصَيِّرِيقُ لاَهَا اللَّه إِلَا اللَّه عَلَى اللَّه عليه الله عليه وسلم " مَا الله عليه وسلم " الله عليه وسلم " مَا مَلَى الله عليه وسلم " مَا الله عليه



صَدَقَ فَأَعْطِهِ إِيَّاهُ ". فَأَعْطَانِي قَالَ فَبِعْتُ الدَّرْعَ فَابْتَعْتُ بِهِ مَخْرَفًا فِي بَنِي سَلِمَةَ فَإِنَّهُ لَأُونَ فَأَعْطِهِ إِيَّاهُ ". فَأَعْطَيهِ أُضَيْبِعَ مِنْ لَأُونَ كَلاَّ لاَ يُعْطِيهِ أُضَيْبِعَ مِنْ قُولُ مَالٍ تَأْثَلْتُهُ فِي الإِسْلاَمِ. وَفِي حَدِيثِ اللَّيْثِ فَقَالَ أَبُو بَكْرٍ كَلاَّ لاَ يُعْطِيهِ أُضَيْبِعَ مِنْ قُرَيْشٍ وَيَدَعُ أَسَدًا مِنْ أُسُدِ اللَّهِ.

বাংলা

88১৬। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া তামিমী, কুতায়বা ইবনু সাঈদ ও আবূ তাহির (রহঃ) ... আবূ কাতাদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা হুনাইনের যুদ্ধের বছর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বের হুলাম। আমরা যখন শক্রুদের মুখামুখি হুলাম তখন মুসলিমদের মধ্যে ছুটাছুটি আরম্ভ হল। এ সময় আমি একজন মুশরিককে দেখতে পেলাম যে, সে একজন মূসলমানের উপর চড়ে বসেছে। তখন আমি একটু ঘুরে এসে তার পিছন দিক দিয়ে তার কাঁধের উপর আঘাত করলাম। তখন সে আমার দিকে অগ্রসর হয়ে আমাকে এমনভাবে চেপে ধরল যে, আমি এতে মৃত্যুর গন্ধ পেলাম। এপর সে মৃত্যু মুখে ঢুলে পড়ল এবং আমাকে ছেড়ে দিল।

এরপর আমি উমর ইবনু খাত্তাব (রাঃ) এর সঙ্গে মিলিত হলাম। তিনি বললেন, লোকদের কী হয়েছে? আমি বললাম এ আল্লাহর কাজ (ইচ্ছা)। তারপর (পলায়নপর) লোকেরা এল। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন (যুদ্ধ ক্ষেত্রে) বসেছিলেন। তিনি বললেন, যে মুসলিম সৈন্য অপর কোন শক্রু সৈন্যকে হত্যা করেছে এবং এতে তার প্রমান আছে, তবে তার (পরিত্যক্ত) সম্পদ তারই (হত্যাকারী মুজাহিদেরই প্রাপ্য)।

বর্ণনাকারী বলেন, তখন আমি দাঁড়ালাম এবং বললাম, আমার জন্যে কে সাক্ষ্য দেবে? তারপর আমি বসে পড়লাম। তারপর তিনি আবার সেরূপ কথা বললেন, আমি দাঁড়ালাম এবং বললাম কে আমার জন্যে সাক্ষ্য দেবে? এবং আমি বসে পড়লাম। তিনি তৃতীয়বারও ঐরুপ বললেন। বর্ণনাকারী বলেন, তা শুনে আমি (আবার) দাঁড়ালাম। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে আবূ কাতাদা! তোমার কি হয়েছে? আমি তখন তার কাছে সমস্ত ঘটনা খুলে বললাম।

তখন এক ব্যক্তি বলল, ইয়া রাসুলাল্লাহ (আবূ কাতাদা) সত্য বলেছেন। ঐ নিহত ব্যক্তির (পরিত্যক্ত) সম্পদ আমার কাছে রক্ষিত আছে। আপনি তার হক (আমাকে দেওয়া) এর ব্যাপারে তাঁকে রাজি করিয়ে দেন। তখন আবূ বকর সিদ্দীক (রাঃ) বললেন, না, আল্লাহর কসম! তা হতে পারে না। আল্লাহর সিংহসমুহের মধ্য হতে কোন এক সিংহ (যোদ্ধা) আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষে যুদ্ধ করেছেন, তার প্রাপ্য সম্পদ যেন তোমাকে প্রদানের জন্য রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মনস্থ না করেন।

তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ (আবূ বকর) ঠিকই বলেছেন। সুতরাং তিনি বললেন, তাকে (আবূ কাতাদাকে) দিয়ে দাও। তখন সে তা দিয়ে দিল। আবূ কাতাদা (রাঃ) বললেন, আমি তা থেকে লৌহ বর্মটি বিক্রি করলাম এবং তা দিয়ে বনী সালামার মহল্লায় একটি ফলের বাগান খরিদ করলাম। এই ছিল আমার ইসলামী জীবনের প্রথম অর্জিত সম্পদ।



লাইস (রহঃ) এর বর্ণিত হাদীসে উল্লেখ আছে যে, আবূ বকর (রাঃ) বলেছেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেন আল্লাহর সিংহসমূহের মধ্য থেকে কোন এক সিংহকে বাদ দিয়ে তা কুরাইশের কোন শৃগালকে (কাপুরুষকে) প্রদান না করেন।

English

Abu Muammad al-Ansari, who was the close companion of Abu Qatada. narrated the hadith (which follows).

Abu Muhammad, the freed slave of Abu Qatada reported on the authority of Abu Oatda and narrated the hadith.

Abu Qatada reported:

We accompanied the Messenger of Allah (my peace be upon him) on an expedition in the year of the Battle of Hunain. When we encountered the enemy, (some of the Muslims turned back (in fear). I saw that a man from the polytheists overpowered one of the Muslims. I turned round and attacked him from behind giving a blow between his neck and shoulder. He turned towards me and grappled with me in such a way that I began to see death staring me in the face. Then death overtook him and left me alone. I joined 'Umar b. al-Khattab who was saying: What has happened to the people (that they are retreating)? I said: It is the Decree of Allah. Then the people returned. (The battle ended in a victory for the Muslims) and the Messenger of Allah (繼) sat down (to distribute the spoils of war). He said: One who has killed an enemy and can bring evidence to prove it will get his belongings. So I stood up and said: Who will give evidence for me? Then I sat down. Then he (the Holy Prophet) said like this. I stood up (again) and said: Who will bear witness for me? He (the Holy Prophet) made the same observation the third time, and I stood up (once again). Now the Messenger of Allah (ﷺ) said: What has happened to you, O Abu Qatada? Then I related the (whole) story, to him. At this, one of the people said: He has told the truth. Messenger of Allah 1 The belongings of the enemy killed by him are with me. Persuade him to forgo his right (in my favour). (Objecting to this proposal) Abu Bakr said: BY Allah, this will not happen. The Messenger of Allah (ﷺ) will not like to deprive one of the lions from among the lions of Allah who fight in the cause of Allah and His Messenger and give thee his share of the booty. So the Messenger of Allah (may peace he upon him) said: He (Abu Bakr) has told the truth, and so give the belongings to him (Abu Qatada). So he gave them to me. I sold the armour (which was a part of my share of the booty) and bought with the sale proceeds a garden in the street of Banu Salama. This was the first property I acquired after embracing Islam.



In a version of the hadith narrated by Laith, the words uttered by Abu Bakr are: "No, never! He will not give it to a fox from the Quraish leaving aside a lion from the lions of Allah among...." And the hadith is closed with the words: "The first property I acquired."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন